# বাংলাদেশ শিপিং কর্পোরেশন
সমুদ্র পরিবহনে জনগণ ও সরকারের অংশীদারিত্ব নিশ্চিতকরণের অঙ্গীকার

# Bangladesh Shipping Corporation
Committed for People & Government Participation in Sea Transportation

## পটভূমিঃ

০৫ ফেব্রুয়ারী ১৯৭২ সালে রাষ্ট্রপতি ১০ নং আদেশমূলে স্বাধীন দেশের অর্থনৈতিক সমৃদ্ধির অগ্রযাত্রায় প্রতিষ্ঠা করেন দেশের একমাত্র রাষ্ট্রীয় পতাকাবাহী সমুদ্রগামী জাহাজের প্রতিষ্ঠান বাংলাদেশ শিপিং কর্পোরেশন। বিএসসি প্রতিষ্ঠার মাত্র ০৪ মাসপর ১০ই জুন১৯৭২ সালে বিএসসি বহরের প্রথম জাহাজ হিসেবে যুক্ত হয় এম.ভি. বাংলার দূত নামক জাহাজটি।কর্পোরেশন প্রতিষ্ঠা লাভের মাত্র ০৪ মাসের মধ্যেই জাহাজ সমৃদ্ধ একটি শক্তিশালী নৌবহর গড়ে তোলার পরিকল্পনা করা হয়েছিল। উল্লিখিত পরিকল্পনার ধারাবাহিকতায় বিএসসি প্রতিষ্ঠার মাত্র ২৯ মাস অর্থাৎ নভেম্বর ১৯৭৪ এর মধ্যে ১৪ টি সমুদ্রগামী জাহাজ সংগৃহীত হয়। তারপর থেকে বিএসসি এ যাবত সর্বমোট ৪৪ টি জাহাজ সংগ্রহ করেছে। বর্তমানে ০৮ টি জাহাজের মিশ্র বহর নিয়ে বিএসসি সমুদ্র পথে বিশ্বব্যাপী বাংলাদেশের পতাকা বহন করে চলছে। এ সংস্থার কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে **বাংলাদেশ শিপিং কর্পোরেশন আইন-২০১৭** জাতীয় সংসদে পাশ করা হয়েছে। এ কর্পোরেশন প্রতিষ্ঠার মুখ্য উদ্দেশ্য আন্তর্জাতিক নৌ-পথে নিরাপদ ও দক্ষ শিপিং সেবা প্রদান করা এবং বাংলাদেশের আমদানী ও রপ্তানী পণ্য নিজস্ব জাহাজ দ্বারা পরিবহন করা।

## ভিশনঃ

জাতীয় পতাকাবাহী সংস্থা হিসেবে দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলে মুখ্য শিপিং কোম্পানীতে উন্নীত হওয়া এবং এ দেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদান।

## মিশনঃ

আন্তর্জাতিক নৌ-পথে নিরাপদ ও দক্ষ শিপিং সেবা প্রদান করাসহ এর সাথে সংশ্লিষ্ট ও সহযোগী সকল প্রকার কার্য সম্পাদন করার মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখা।

## প্রধান কার্যাবলিঃ

(১) আন্তর্জাতিক নৌপথে নিরাপদ ও দক্ষ নৌবাণিজ্য সেবা প্রদান এবং আঞ্চলিক সহযোগিতা, বাণিজ্যিক বা ব্যবসায়িক লেনদেন বৃদ্ধি করা এবং ইহা ব্যতীত সরকার কর্তৃক সরকারি গেজেটে জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে কোনো প্রতিষ্ঠান, প্রতিষ্ঠানের স্থাবর ও অস্থাবর সম্পত্তিসমূহ এই সংস্থায় অর্পণ করা হলে তাহা গ্রহণ ও পরিচালনা করা।

(২) জাহাজ অথবা নৌযান অর্জন করা, ভাড়া করা, ভাড়া দেওয়া, দখলে রাখা বা হস্তান্তর করা;

(৩) বাংলাদেশের অভ্যন্তরে অথবা বাহিরে কর্পোরেশনের কার্যপরিধির অন্তর্ভুক্ত ব্যবসায়িক লেনদেনসহ যে কোনো কার্যে নিয়োজিত হওয়া বা কার্যক্রমের জন্য কোনো প্রতিষ্ঠান গড়ে তোলা অথবা এইরূপ প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত হওয়া;

(৪) জাহাজ, নৌযান ও অনুরূপ অন্যান্য যান মেরামত, নির্মাণ, পুনঃসচল বা সংযোজন করা;

(৫) জাহাজ, নৌযান ও অনুরূপ অন্যান্য যানের যন্ত্রপাতি, যন্ত্রাংশ উপযোজন এবং যন্ত্রাদি সংযোজন, তৈরি, এবং পুনঃসচলের জন্য মেরামতের কার্য করা;

(৬) শিপিং সংশ্লিষ্ট বা ইহার সহযোগী কার্যক্ষেত্রে সম্ভাব্য নিয়োগপ্রার্থী অথবা নিয়োজিত ব্যক্তিবর্গের জন্য নির্দেশনা এবং প্রশিক্ষণের নিমিত্ত কোনো প্রতিষ্ঠান স্থাপন বা স্থাপনের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা;

(৭) সরকারের অনুমাদন সাপেক্ষে যে কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তি অর্জন, উন্নয়ন, সম্প্রসারণ ও দখলে রাখা বা হস্তান্তর করাঃ তবে শর্ত থাকে যে, সরকারের অনুমোদন ব্যতিরেকে কোনো স্থাবর বা অস্থাবর সম্পত্তি অর্জন বা হস্তান্তর করা যাইবে না;

(৮) জাহাজ বা নৌযান মেরামতের জন্য নিজস্ব ওয়ার্কশপ পরিচালনা করা এবং ওয়ার্কশপের মাধ্যমে নিজস্ব জাহাজ এবং প্রয়োজনে দেশি অন্য কোনো জাহাজ বা বিদেশি জাহাজ মেরামত করা;

(৯) নিজস্ব বা যৌথ উদ্যোগ অথবা অন্য কোনো ব্যবস্থাপনায় জাহাজ, জলযান অথবা নৌযান অর্জন এবং এতদ্‌সংশ্লিষ্ট যে কোনো ধরনের ব্যবসা পরিচালনা করা;

(১০) দেশের ও বিদেশের বন্দরসমূহে শিপিং এজেন্ট নিয়োগ করা;

(১১) কর্পোরেশনের বাণিজ্যিক ও ব্যবসায়িক কার্যক্রম সম্পাদনের জন্য দেশে ও বিদেশে ব্যাংক হিসাব খোলা এবং পরিচালনা করা;

(১২) সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা অর্পিত অন্য যে কোনো কার্য সম্পাদন করা।

বিস্তারিত দেখতে ভিজিট করুনঃ www.bsc.gov.bd


BSC Head Office


M.T. Banglar Agrajatra


M.V. Banglar Arjan


M.T. Banglar Agradoot


M.T. Banglar Agragoti


M.V. Banglar Samriddhi


M.V. Banglar Joyjatra


Banglar Doot


M.T. Banglar Jyoti


M.T. Banglar Shourabh


BSC Tower









**Major Destination of BSC Fleets**

**Capital Structure**

- The amount of authorized capital is not less than Tk. 1000 Crore.
- The amount of paid up capital is Tk.152.53 Crore.
- 52.10% of the total share owned by the government of the people's Republic of Bangladesh.

